**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 25.07.2026** **Desk in Charge : Susmita M.**
**Time: 7.50P.M.** **Compile. & Edit. : Sudip B.**
**DEO: KB** **NRT: Sudip Basu**

খবর পড়ছিঃ-

**************************************************************************

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী পদে ধর্মেন্দ্র প্রধান ইস্তফা দিয়েছেন। #সরকার বিভিন্ন দাবিদাওয়া মেনে নেওয়ায়, আন্দোলন প্রত্যাহার CJP-র ।

২/ নীট দুর্নীতির বিরুদ্ধে ধর্মতলায় বামেদের মিছিলে সাংবাদিকদের ওপর হামলার ঘটনায়, ৭০ জনকে চিহ্নিত করা হয়েছে বলে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বিধানসভায় জানিয়েছেন।

৩/ রাজ্য বিধানসভায় পাস হয়েছে, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত দ্বিতীয় সংশোধনী বিল ।

৪/ রাজ্য সরকার, পূর্ব ঘোষণা মত কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের ২৮টি বকেয়া রিপোর্ট আজ বিধানসভায় পেশ করেছে।

৫/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তা-ভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৬/ কলকাতা ডার্বি-তে ইস্টবেঙ্গলকে ১-০ গোলে হারালো মোহনবাগান।

**************************************************************************

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী পদে ধর্মেন্দ্র প্রধান ইস্তফা দিয়েছেন। আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে তিনি তাঁর পদত্যাগ পত্র পাঠিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী প্রধান জানিয়েছেন যে, গত ১০ দিন ধরে ছাত্রদের আন্দোলনের জেরে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে, তার জন্য তিনি অত্যন্ত ব্যথিত। বিষয়টি তাঁর কাছে ব্যক্তিগত মর্যাদার নয় বলেও উল্লেখ করেন তিনি। নতুন দিল্লির 'যন্তর মন্তর' সহ দেশ জুড়ে চলা আন্দোলনের সুযোগ নিয়ে কোনো দেশ বিরোধী শক্তি যাতে মাথাচাড়া দিতে না পারে, সে কারণেও তাঁর এই পদত্যাগ বলে শ্রী প্রধান জানিয়েছেন।

এদিকে, কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী পদে ধর্মেন্দ্র প্রধানের ইস্তফা এবং সরকার তাঁদের দাবিদাওয়া মেনে নেওয়ায়, CJP, আন্দোলন প্রত্যাহার করেছে। কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা ও জিতেন্দ্র সিং আজ CJP-র প্রতিনিধি দলের সঙ্গে আরো একপ্রস্থ আলোচনায় বসেন। এক সাংবাদিক বৈঠকে শ্রী নাড্ডা জানিয়েছেন, বিক্ষোভকারীদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা না নেওয়ার CJP-র দাবী মেনে নিয়েছে সরকার। ইতমধ্যেই কোনো FIR হয়ে থাকলে, তাও প্রত্যাহার করা হবে বলে তিনি জানিয়েছেন। নীট প্রশ্ন ফাঁসের প্রেক্ষিতে আত্মঘাতী পড়ুয়াদের পরিবারকে আইন অনুযায়ী আর্থিক সহায়তা দেওয়ার বিষয়টিও সরকার নিশ্চিত করবে বলে শ্রী নাড্ডা জানান।

রাজ্য বিজেপি মুখপাত্র দেবজিৎ সরকার বলেছেন, আন্দোলনের নামে দেশ বিরোধী নানা শক্তি প্রবেশ করেছিল।

( বাইট- দেবজিৎ )

***********************

ছাত্র ছাত্রীদের প্রবল আন্দোলনের চাপেই কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী পদত্যাগ করতে বাধ্য হয়েছেন বলে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। সাংবাদিকদের কাছে তিনি বলেন, সারা দেশের মানুষ ছাত্র সমাজের আন্দোলনের পাশে দাঁড়িয়েছে। কংগ্রেস নেতা রাহুল গান্ধীও তাঁদের সঙ্গে থেকেছেন। আন্দোলনরত ছাত্রদের ওপর পুলিশের নির্যাতন সঠিক নয় বলেও উল্লেখ করেন তিনি।

( বাইট- কংগ্রেস শুভঙ্কর )

গতকাল বামেদের মিছিলে বিশৃঙ্খলায় আহত সাংবাদিকদের দেখতে, আজ SSKM হাসপাতালে যায় শুভঙ্কর সরকারের নেতৃত্বে একটি প্রতিনিধি দল।

ছাত্রছাত্রীদের আন্দোলনের চাপেই কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রীর পদত্যাগ বলে মন্তব্য করেছেন, CPIM –এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। আন্দোলন দমন করতে পুলিশকে ব্যবহার করা হয়েছে অলেও তাঁর অভিযোগ।

************************

ধর্মতলায় বামেদের মিছিলে সাংবাদিকদের উপর হামলার ঘটনায় ৭০ জনকে চিহ্নিত করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বিধানসভায় জানিয়েছেন। ওই হামলার তীব্র নিন্দা করে শ্রী অধিকারী বলেন, বিভিন্ন থানায় মোট সাতটি মামলা রুজু করা হয়েছে। অভিযুক্তদের বিরুদ্ধে ‘গুন্ডা দমন’ আইন ব্যবহার করা হবে বলে তিনি জানান।

( বাইট- শুভেন্দু/ বিধানসভায় )

এদিকে, সাংবাদিকদের ওপর হামলার নিন্দা করে বিধানসভায় মধ্যাহ্নভোজের বিরতিতে, বিজেপি বিধায়করা কালো ব্যাজ পড়ে মিছিল করেন।

রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য, ছাত্রদের প্রতিবাদ মিছিলে সাংবাদিক হেনস্থার তীব্র নিন্দা করেছেন। সামাজিকমাধ্যমে এক পোস্টে তিনি বলেন, ছাত্রদের ঢাল বানিয়ে অশান্তি সৃষ্টির বাম সংগঠবগুলির এই কার্যকলাপ আগেও দেখা গেছে। প্রতিবাদের নামে গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ সংবাদমাধ্যমকে আঘাত করলে, তা’ আসলে গণতন্ত্রের ওপর আঘাত বলেই মন্তব্য করেন তিনি। বিজেপি রাজ্য সভাপতি বলেন, ছাত্র আন্দোলনের নামে কংগ্রেস ও বামপন্থী দলগুলি, রাজনৈতিক সুবিধা পেতে চাইছে।

************************

বামেদের আন্দোলনে ধর্মতলায় সাংবাদিকদের ওপর আক্রমণের নিন্দা করে, কলকাতা প্রেস ক্লাব আজ বিকেলে এক প্রতিবাদ কর্মসূচী পালন করে। গণতন্ত্রের চতুর্থ স্তম্ভের ওপর লাগাতার এই ধরণের আক্রমণের বিরুদ্ধে প্রতিবাদ সভার আয়োজন করা হয়। উস্কানি দেওয়ার অভিযোগে এক ‘কনটেন্ট ক্রিয়েটার’কে চিহ্নিত করে প্রেস ক্লাবে তাঁর

প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। প্রেসক্লাবের তরফে একটি প্রতিনিধি দল SSKM হাসপাতালে গিয়ে আহত সাংবাদিকদের খোঁজখবর নেন।

এদিকে, সাংবাদিকদের একাংশ আগামী সোমবার, বর্বোরোচিত আক্রমণের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে ধর্মতলায় জমায়েতের ডাক দিয়েছে। মিছিলের পর রাজ্যপাল, মুখ্যমন্ত্রী এবং তথ্য ও সংস্কৃতি মন্ত্রীকে স্মারকলিপি দেওয়া হবে বলে জানা গেছে।

************************

রাজ্য বিধানসভায় পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (দ্বিতীয় সংশোধনী) বিল পাস হয়েছে। আজ এই বিলের উপর আলোচনার জবাবি ভাষণে দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ বলেন, পঞ্চায়েত প্রধানের আর্থিক ক্ষমতা খর্ব করা নয়, বরং দুর্নীতি, কাটমানি এবং পরিষেবা প্রদানে অচলাবস্থা দূর করতেই পঞ্চায়েত আইনে সংশোধন আনা হয়েছে। তিনি বলেন, সংশোধনী বিলে এমন ব্যবস্থাও রাখা হয়েছে যাতে প্রধান বা উপপ্রধান দীর্ঘদিন অনুপস্থিত থাকলেও পঞ্চায়েতের কাজ বন্ধ না থাকে। ১৫ দিনের বেশি অনুপস্থিতি বা কাজে অচলাবস্থা তৈরি হলে প্রশাসক নিয়োগ করা যাবে। সেই সময় প্রশাসক পঞ্চায়েতের দৈনন্দিন কাজ চালাবেন। আবার পরপর দু'মাস গ্রাম পঞ্চায়েতের বৈঠক না হলে সচিব বিডিও-র অনুমতি নিয়ে বৈঠক ডাকতে পারবেন। প্রয়োজনে পর্যবেক্ষকও নিয়োগ করা যাবে। বিরোধীদের তীব্র সমালোচনা করে দিলীপ বাবু বলেন, এর মাধ্যমে কাটমানি নেওয়ার সুযোগ বন্ধ করা হচ্ছে।

************************

রাজ্যের নতুন সরকার, পূর্ব ঘোষণা মত কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের ২৮ টি বকেয়া রিপোর্ট আজ বিধানসভায় পেশ করেছে। বিগত সরকারের আমলে বকেয়া থাকা এই রিপোর্টগুলি আজ বিধানসভায় পেশ করেন অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। পরবর্তীতে বিশেষ অধিবেশন ডেকে এবিষয়ে বিস্তারিত আলোচনা হবে বলেও জানিয়েছেন তিনি। অর্থমন্ত্রীর দাবী, এই রিপোর্টগুলিই রাজ্যের আর্থিক অবস্থার প্রকৃত চিত্র তুলে ধরবে।

(বাইট- স্বপন/ ক্যাগ )

**********************

চলতি অর্থবর্ষের শেষে রাজ্যের নিজস্ব আয়, অন্তত ১৮ শতাংশ বাড়বে বলে, অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত আশা প্রকাশ করেছেন। আজ বিধানসভায় অর্থ বিলের ওপর আলোচনার জবাবি ভাষণে শ্রী দাশগুপ্ত বলেন, সরকার করের হার না বাড়িয়ে করদাতার সংখ্যা বৃদ্ধি এবং কর ব্যবস্থাকে সহজ ও স্বচ্ছ করে তোলার নীতি নিয়েছে। রাজস্ব আদায়ের লক্ষ্য পূরণে খনি সহ বিভিন্ন ক্ষেত্রে কঠোরভাবে কর আদায়ে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগ ও প্রযুক্তি নির্ভর নজরদারি বাড়ানোর পাশপাশি অর্থনৈতিক কর্মকান্ড সম্প্রসারণে জোর দেওয়া হচ্ছে বলে তিনি জানান। অর্থমন্ত্রী বলেন, সংশোধনী বিলের মাধ্যমে ছোটখাটো ত্রুটিকে অপরাধ হিসেবে না দেখে, আইন সহজ করার উদ্যোগ নিয়েছে। দ্বৈত করের আশঙ্কা খারিজ করে অর্থমন্ত্রী জানান, একজন কর্মীর ক্ষেত্রে একবারই কর দিতে হবে এবং তা' পশ্চিমবঙ্গে জমা পড়বে।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামীকাল (২৬শে জুলাই), আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৬-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১-টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

**********************

কলকাতা হাইকোর্ট মিছিলের অনুমতি না দিলেও, তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে মিছিলকে কেন্দ্র করে আজ কলকাতার ভবানীপুর এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। আজ দুপুরে পদ্মপুকুর থেকে তৃণমূল কংগ্রেস ছাত্র পরিষদ এবং আই টি সেলের মিছিলের পরিকল্পনা ছিল। সেইমতো দুপুর থেকেই জমায়েত শুরু করে মমতা ব্যানার্জীর কালীঘাট তৃণমূলের সমর্থকরা।

************************

ডার্বি-তে ইস্টবেঙ্গলকে ১-০ গোলে হারালো মোহনবাগান।
ম্যাচের একমাত্র গোলটি করেছেন, শামাদ।

একটি প্রতিবেদন- ( ভিসি- অরিজিত দত্ত )

************************

ঘূর্ণাবর্তের প্রভাবে তৈরী নিম্নচাপ এলাকা এবং সক্রিয় মৌসুমি অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় আগামী সোমবার পর্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আগামী ২৪ ঘন্টায় পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগণা জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। ভারী বৃষ্টি হতে পারে, উত্তর ২৪ পরগণা, কলকাতা, হাওড়া, হুগলী, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম ও বাঁকুড়া জেলায়। মৎস্যজীবীদের আগামী সোমবার পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। উত্তরঙ্গে বৃষ্টির পরিমাণ কিছুটা কম হবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

*********************************************************************